ক্লাসিফাইড বিজ্ঞাপন দিন

একুশ পত্রিকায় বাসা ভাড়া, রুমমেট আবশ্যক, চাকুরীর সুযোগ, পাত্র-পাত্রী চাই, গাড়ি বিক্রয় ইত্যাদির জন্যে বিজ্ঞাপন দিন।

এক ইস্যুর জন্যে ১০ ডলার। ২০ শব্দের মধ্যে হতে হবে।

পরবর্তী শব্দের জন্য ১ ডলার মাত্র। যোগাযোগ ঃ একুশ

একুশ নিউজ মিডিয়া
৬৩৬২, হলিউড বুলভার্ড, সুয়ীট ৩০২, হলিউড, ক্যালিফোর্ণিয়া- ৯০০২৮
ফোন (৩২৩) ৪৬২- ৯৩০০ ফ্যাক্স (৩২৩) ৯৮৩- ৯৩০০

হলিউডের বাংলা পত্রিকা

একুশ

Ekush.info

21 Ekush Bangla Newspaper from Hollywood

‘আপনাকে দেখে কি যে খুশী লাগছে’
-বুশের মঙ্গলবার আকস্মিক সফরে ইরাকি নেতা

ঢাকায় পুলিশ ও বিক্ষোভকারীদের মধ্যে সংঘর্ষের ঘটনায় আমি খবই ভীত ও বিচলিত
-জোসেফ ক্রাউলী

যুক্তরাষ্ট্রকে গুয়ানতানামো ও গোপন বন্দিশিবির অবশ্যই বন্ধ করতে হবে..

জনপ্রিয়তা হারাচ্ছেন প্রেসিডেন্ট হামিদ কারজাই

বিস্তারিত... ২ পাতায়

Volume 01, Issue 06, Hollywood, California, June 15, 2006

১৪ দলের নতুন কর্মসূচি ২ জুলাই নৌ, রেল ও রাজপথ অবরোধ

২০ জুন ইসি কার্যালয়

(একুশ রিপোর্ট)

আওয়ামী লীগ সভানেত্রী ও জাতীয় সংসদে বিরোধী দলীয় নেতা শেখ হাসিনা অভিযোগ করেছেন, হরকাতুল জেহাদের ক্যাডারদের দিয়ে দেশের বিভিন্ন স্থানে হামলার পরিকল্পনা নিয়েছে সরকার। শেখ হাসিনা টানা ৩৬ হরতাল সফল করায় দেশবাসীকে ধন্যবাদ জানিয়ে বলেন, ভোট চুরি আর অর্থ চুরি জনগণ মেনে নেবে না। হাসিনা বলেন, জনগণের ভোটাধিকার প্রতিষ্ঠা করতে হরতালসহ আন্দোলনের কর্মসূচি অব্যাহত থাকবে। টানা ৩৬ ঘণ্টার হরতাল শেষে গতকাল সন্ধ্যায় ধানমণ্ডির কার্যালয়ে অনুষ্ঠিত ১৪ দলের জরুরি বৈঠক শেষে আয়োজিত প্রেস ব্রিফিংয়ে শেখ হাসি-না ১৬ জুন থেকে ২ জুলাই পর্যন্ত আন্দোলনের নতুন কর্মসূচি ঘোষণা করেন। কর্মসূচির মধ্যে রয়েছে– ১৬ জুন ঢাকায় বিক্ষোভ সমাবেশ ও মিছিল। ১৭ জুন দেশব্যাপী বিক্ষোভ সমাবেশ ও মিছিল। ১৮ ও ১৯ জুন মহানগরের থানায় থানায় ১৪ দল নেতাদের গণসংযোগ। ২০ জুন প্রধান নির্বাচন কমিশন কার্যালয়সহ দেশের প্রতিটি জেলা নির্বাচন কমিশন কার্যালয় অবরোধ। অবরোধ চলবে সকাল ১১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত।

...২ পাতায়

হরতালে অচল সারা দেশ। পুলিশের লাঠিচার্জ, রাবার বুলেট নিক্ষেপ, বিডিআরের গাড়িতে অগ্নিসংযোগ, ঢাকায় বিক্ষোভ সমাবেশ ও মিছিল। হরতালকারীদের মিছিলে পুলিশ লাঠিচার্জ । ছবি-সংগহ

তারেক রহমান ভবিষ্যৎ প্রধানমন্ত্রী। ঘরে-বাইরে বিদ্রোহ নিয়ে বিপর্যস্ত হয়ে পড়েছে ক্ষমতাসীন বিএনপি

বিস্তারিত...৩ পাতায়

সংঘর্ষ বিক্ষোভে অবরুদ্ধ ঢাকা

সারাদেশে একটানা ৩৬ ঘণ্টার হরতাল লড়াই এবার রাজপথে

ঢাকা ১৪ জুন: তত্ত্বাবধায়ক সরকার ও নির্বাচন কমিশন সংস্কারের দাবি আদায়, প্রধান নির্বাচন কমিশনার বিচারপতি এমএ আজিজ, বিতর্কিত দু'নির্বাচন কমিশনারের পদত্যাগের দাবিসহ দ্রব্যমূল্য বৃদ্ধি এবং বিদ্যুৎ-পানি-গ্যাস সংকটের প্রতিবাদে অবরোধ কর্মসূচি চলাকালে সর্বত্র পুলিশ ও সরকারি দলের কিছু কর্মীর মারদাঙ্গা ভূমিকা ছিল বেশ লক্ষণীয়। ১৪ দলের টানা ৩৬ ঘণ্টার হরতালের শেষ হলো। রাজধানীতে পুলিশের ...৩ পাতায়

ভোটার তালিকা ছাড়াই এবার নির্বাচন!

নির্বাচন কমিশন সচিবালয় এবার ভোটার তালিকা হালনাগাদকরণকে পাশ কাটিয়ে ২০০৭ সালে অনুষ্ঠিতব্য জাতীয় নির্বাচন নিয়ে ব্যস্ত হয়ে পড়েছে। সোমবার নির্বাচন কমিশনের দায়িত্বপ্রাপ্ত সচিব মোহাম্মদ জকরিয়া সাংবাদিকদের জানান, তিনি ভোটার তালিকা নিয়ে আর কোনো মন্তব্য করতে চান না। তবে আগামী জাতীয় নির্বাচনকে অবাধ ও সুষ্ঠ নিরপে করতে প্রাথমিক প্রস্তুতি চলছে। এ মাসেই নির্বাচনকার্যে অংশ নেবে এমন ৫০০ কর্মকর্তাকে প্রশিণ দেওয়া হবে। পরে ব্যালট বাক্স তৈরি, ব্যালট পেপার ছাপানোসহ নির্বাচন অনষ্ঠানের জন্য প্রস্তুতি নেওয়া হবে। দায়িত্বপ্রাপ্ত সচিব মোহাম্মদ জকরিয়া আরো জানান, আদালতের রায়ের সার্টিফায়েড কর্পি এখনো কমিশনে এসে পৌঁছেনি। ২০০৭ সালের জানুয়ারি মাস আগামী জাতীয় নির্বাচনের ডেডলাইন। এর মধ্যে যা করার করতে হবে। নির্বাচনকে অবাধ করতে যেসব প্রস্তুতি প্রয়োজন তা নেওয়া হচছে। গতকাল কয়েকটি দৈনিক সংবাদপত্রে আদালত থেকে রায়ের একটি কপি কমিশন সচিবালয়ে পৌঁছেছে বলে যে খবর প্রকাশিত হয়েছে, তা সত্য নয় বলে তিনি জানান। ...৭ পাতায়

টার্মিনেটর আর্ণল্ড শোয়েজর্নিগারের মুখোমুখী ফিল এঞ্জেলিডেস

ক্যালিফোর্ণিয়ার প্রাথমিক নির্বাচন, ২০০৬



(একুশ রিপোর্ট)

ধারণ নির্বাচনের পুর্বে প্রাথমিক নির্বাচনে দলীয় প্রার্থীদেরকে দলীয় সমর্থক ভোটার তাদের পছন্দনীয় ব্যক্তিকে সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতার জন্য ভোটের মাধ্যমে নির্ধারণ করে, কে সাধারণ নির্বাচনে দলের পে বিভিন্ন পদের জন্য যোগ্যতম ব্যক্তি হবেন, যিনি অন্যান্য দলের বিরুদ্ধে সাধারণ নির্বাচনে বিজয়ী হবে। গত ৬ জুন, মঙ্গলবার সারাদিন ছিল প্রাথমিক নির্বাচন। কেউ যদি না জানেন যে আজ নির্বাচন, তাহলে বলতেই পারবেন না সারা দেশে নির্বাচন হচ্ছে। কোথাও কোন মিছিল নেই, শে-াগান নেই। নির্বাচনী এলাকায় কাউকে দাঁড়িয়ে থাকতে দেখা যাবে না। যে যার মত গাড়ি হাকিয়ে এসে ভোট দিয়ে চলে যাচ্ছে। পদ্ধতি এবং পদ্ধতির প্রতি শ্রদ্ধাবোধ থাকলেই এমনিভাবে স্বাভাবিক নির্বাচন সম্ভব।

এবারের নির্বাচনে সবচেয়ে উত্তেজনাপুর্ণ ছিল ডেমোক্রেটিক দলের গভর্ণর পদ। স্টেট ট্রেজারার মিঃ ফিল এঞ্জেলিডেস (৫২) অত্যন্ত কম ভোটের ব্যবধানে কন্ট্রোলান স্টীভ ওয়েস্টলিকে পরাজিত করে ডেমোক্রেটিক গভর্ণর পদপ্রার্থী নির্বাচিত হয়েছেন, ...২ পাতায়

যুক্তরাষ্ট্রই তাকে সুযোগ করে দিয়েছিল আল-জারকাবির হত্যা

ইরাকে মার্কিনী ও তাদের মিত্ররা নিরাপদ থাকবে না : মুহাজির

(একুশ ডেস্ক থেকে)

আল-কায়েদার ইরাক শাখার প্রধান নেতা আবু মুসাব আল-জারকাবির আধ্যাত্মিক উপদেষ্টার সুত্র ধরেই শেষ পর্যন্ত তাকে হত্যা করতে সক্ষম হয়েছে মার্কিন কোয়ালিশন বাহিনী। মার্কিন বাহি-নীর কমান্ডার মেজর জেনারেল উইলিয়াম ক্লাডওয়েল জারকাবি হত্যা অভিযানের বর্ণনায় বলেছেন, ‘গোপন সংবাদের ভিত্তিতে মোস্ট ওয়ান্টেড এ জঙ্গিকে ধরতে আমরা বাগদাদের উত্তরে বাকুবা গ্রামের ৮ কিলোমিটার উত্তরের একটি পরিত্যক্ত বাড়িতে অভিযান চালিয়েছি। এখানে চালানো এফ-১৬ জঙ্গি বিমান হামলাতেই জারকাবি নিহত হন। ওই সময় জারকাবি সঙ্গীদের নিয়ে বৈঠক করছিলেন’। .....২ পাতায়

৪ হাজার পণ্যের শুল্ক কমছে

৬৯ হাজার ৭৪০ কোটি টাকার নির্বাচনমুখী বড় বাজেট

ঢাকা মিডিয়া:

প্রধান বিরোধী দল আওয়ামী লীগের অনুপস্থিতিতে নিস্প্রাণ সংসদে চলতি ২০০৬-০৭ অর্থবছরের জন্য ২ হাজার ৫১৬ কোটি ৫১ লাখ ৯ হাজার টাকার সম্পূরক বাজেট পাস হয়েছে।

অর্থমন্ত্রী এম সাইফুর রহমান পাসের জন্য এ সংক্রান্ত আইন ‘নির্দিস্টকরণ (সম্পূরক) আইন, ২০০৬ বিল’ সংসদে উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়।

প্রধান বিরোধী দল আওয়ামী লীগের অনুপস্থিতিতে নিস্প্রাণ সংসদে চলতি ২০০৬-০৭ অর্থবছরের জন্য ২ হাজার ৫১৬ কোটি ৫১ লাখ ৯ হাজার টাকার সম্পুরক বাজেট পাস হয়েছে। অর্থমন্ত্রী এম সাইফুর রহমান বাজেট পাসের জন্য এ সংক্রান্ত আইন ‘নিদিষ্টকরণ (সম্পুরক) আইন, ২০০৬ বিল’ সংসদে উত্থাপন করলে তা কণ্ঠভোটে পাস হয়।

এর আগে স্পিকার সম্পুরক বাজেটের ওপর ৪৫টি মঞ্জুরি দাবি নিস্পত্তি করেন। ৬টি দাবির ওপর বিরোধীদলীয় সদস্যরা আপত্তি জানান। কিন্তু সরকারি দলের সদস্যদের সংখ্যাগরিষ্ঠতায় বিরোধী সদস্যদের আপত্তিগুলো নাকচ হয়ে যায়। রোববার ও সোমবার সম্পুরক বাজেটের ওপর আলোচনা হয়।

তহবিল জোগাড়ের অনিশ্চয়তা রেখে অর্থ ও পরিকল্পনা মন্ত্রী এম সাইফুর রহমান জাতীয় সংসদে ২০০৬-০৭ অর্থবছরের জন্য প্রস্তাবিত বাজেট পেশ করেছেন। সমাজের সব শ্রেণীকে তুষ্ট করে নানা ধরনের ছাড় দিয়েই ৬৯ হাজার ৭৪০ কোটি টাকার নির্বাচনমুখী বড় বাজেট দিয়েছেন তিনি। তবে বাস্তবায়নের দায় তার ওপর থাকছে না। তিন সরকার এই বাজেট বাস্তবায়ন করবে– বর্তমানে মতাসীন, তত্ত্বাবধায়ক ও আগামী নির্বাচনের মাধ্যমে আসা নতুন সরকার। ফলে বড় আকারের বাজেটের পুরো তহবিল জোগাড়ের কষ্ট তাকে করতে হবে না। প্রধান চাপ নিতে হবে পরবর্তী দুই সরকারকে। নতন কর আরোপ বা করের আওতা না বাড়িয়ে অতিরিক্ত অর্থ জোগাড় করতে কর প্রশাসনের দতা ও গতিশীলতার ওপরই জোর দেন সাইফুর রহমান। বড় অঙ্কের সরকারি বিনিয়োগ করে আগামী অর্থবছরে ৭ শতাংশ অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনের আশা প্রকাশ করেছেন তিনি।

কিন্তু চলতি অর্থবছরের বাজেট বাস্তবায়ন করতে গিয়েই অর্থমন্ত্রী চরম তহবিল সংকটে পড়েছেন। অর্থ সংকট ও নিয়ম মেনে অর্থ খরচের ব্যর্থতার কারণে চলতি অর্থবছরের বাজেট ৩ হাজার ৩২৫ কোটি টাকা কাটছাঁট করে দাঁড়িয়েছে ৬১ হাজার ৫৮ কোটি টাকার। প্রস্তাবিত নতুন বাজেট বাস্তবায়ন করতে অতিরিক্ত ৮ হাজার ৬৮২ কোটি টাকার অর্থ সংকলান করতে হবে। আর প্রস্তাবিত বাজেটের মোট ঘাটতি হচ্ছে ১৭ হাজার ১৯৮ কোটি টাকা। ...৩ পাতায়

দেশ স্বাধীন হওয়ার পর এ পর্যন্ত মোট বাজেট ঘোষণা করা হয়েছে ৩৭ বার। এর মধ্যে বর্তমান অর্থমন্ত্রী এম সাইফুর রহমান মোট ১২ বার দেশের জাতীয় বাজেট ঘোষণা করলেন। এরপরই ৬ বার বাজেট ঘোষণা করে দ্বিতীয় স্থানে রয়েছেন আওয়ামী লীগ সরকারের অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া। তিনি ১৯৯৬-৯৭ অর্থবছর থেকে ২০০১-০২ অর্থবছর পর্যন্ত মোট ৬ বার দেশের জাতীয় বাজেট ঘোষণা করেছিলেন।

আবার বাড়ল

তেলের দাম, বিজ্ঞাপন উপকরণ, আমের জুস, আমের জুস, টিনজাত ক্যান, গ-ুকোজ, ইলেকট্রিক সার্কিট, ফটো সামগ্রীর উপকরণ, ন্যাপকিন, বিউটি পার্লার, শীতাতপ নিয়ন্ত্রিত বাস ও রেল সার্ভিস, আবাসিক হোটেল, স্যাটেলাইট চ্যানেল, মোবাইল ফোনসেট সিম, চিনি, গুঁড়ো দুধ, পুরনো গাড়ি, রঙিন টিভি ফ্রিজ বিস্তারিত...৩ পাতায়

প্রস্তাবিত বাজেট সম্পর্কে অর্থনীতিবিদদের প্রতিক্রিয়া

-প্রস্তাবিত বাজেটে অর্থনীতির চেয়ে রাজনীতিকে বেশি গুরুত্ব দেয়া হয়েছে:
-প্রস্তাবিত বাজেট দুর্নীতির সহায়ক:
-অসম্ভব আয় পরিকল্পনা করা হয়েছে:
-থোক বরাদ্দের ৩ হাজার ৬শ কোটি টাকা ৪ মাসে লুটপাট করা হবে: ...৩ পাতায়

ক্যালিফোর্ণিয়া বিএনপির শহীদ জিয়ার ২৫তম শাহাদাত বার্ষিকী পালন

বিস্তারিত...৪ পাতায়

বাংলাদেশ ইউনিটি ফেডারেশন অব লস এঞ্জেলেস

বিস্তারিত...৪ পাতায়

বর্ণমালায় একশ

বিস্তারিত...৪ পাতায়

মেমোরিয়াল ডে উইকেন্ডে

লসএঞ্জেলেসে দু'দিন ব্যাপী বৈশাখী মেলা

-একুশ রিপোর্ট

ব্যাপক উৎসাহ ও উদ্দীপনার মধ্যে দিয়ে লস এঞ্জেলেস বৈশাখী মেলা কমিটি কর্তৃক আয়োজিত মেমোরিয়াল ডে উইকেন্ডে দু'দিন ব্যাপী বৈশাখী মেলা হয়ে গেল। গত ২৭ ও ২৮ মে, শনিব-ার ও রবিবার, ২০০৬ সকাল ১০ টা থেকে রাত ১০ টা পর্যন্ত ঐতিহাসিক ম্যাক আর্থার পার্কে বিশাল এলাকা জড়ে এই মেলার আয়োজন করে। সাংস্কৃতিক অনুষ্ঠান, অঙ্কন প্রতিযোগিতা, মহিলাদের খেলাসহ পার্ক ভর্তি বিভিন্ন স্টল ঘিরে ছিল প্রবাসীদের সমারোহ। দুর-দুরান্ত থেকে ছুটির দিনে এসেছিল দেশান্তরী মানষ তাদের প্রিয়জনদের সাথে মেলামেশার মিলনস্হল হিসাবে এই বৈশাখী মেলাতে। আর এই কারণে দেরীতে হলেও সময়োপযোগী করে প্রবাসীদের স্বার্থে মেমোরিয়াল ডে উত্তম সময় মনে করে আয়োজক কমিটি নিয়মিত প্রতি বছর এই বৈশাখী মেলার ব্যবস্হা করে। বিস্তারিত... ৭ পাতায়

দু'দিন ব্যাপী বৈশাখী মেলা অনুষ্ঠানের উদ্বোধন করেন বাংলাদেশ থেকে আগত এটিএন বাংলার চেয়ারম্যান জনাব মাহফুজুর রহমান। ছবি-একুশ।

লস এঞ্জেলেস বাংলা পাঠশালা'র পুনঃউদ্বোধন

-একুশ রিপোর্ট

গত ১০ জুন, শনিবার, ০৬ শ্যাটো রিক্রিয়েশন সেন্টারে লস এঞ্জেলেস বাংলা পাঠশালা'র পুনঃউদ্বোধন হয়। বিস্তারিত...৫ পাতায়

অবৈধ ইমিগ্রান্টদের অ্যামনেস্টি দাবিতে ২৪ জুন নিউইয়র্কে বিক্ষোভ

মার্কিন সিনেটে পাস হওয়া বিলকে আরো মডারেট করার দাবিতে আগামী ২৪ জুন নিউইয়র্ক সিটিতে এবং ৮ জুলাই সমগ্র আমেরিকায় ব্যাপক বিক্ষোভ সমাবেশের নতুন কর্মসুচি ঘোষণা করা হয়েছে। অভিবাসীদের অধিকার নিয়ে আন্দোলনরত সংগঠনগুলো সিনেটে গত ২৫ মে পাস হওয়া বিলের সঙ্গে হাউসের সমন্বয় সাধনের জন্য গঠিত কনফারেন্স কমিটির কাছে ওই বিলকে আরো উদার করার লক্ষ্যে আগাম লবিং শুরু করেছে। খবর : এনা'র।

বাংলাদেশ আইডল ক্লোজ আপ ওয়ান এর

হলিউড কনসার্ট

-একুশ রিপোর্ট

বাংলাদেশ আইডেল হিসাবে পরিচিত এনটিভি-এর ক্লোজ আপ ওয়ান এর তোমাকেই খুঁজছে বাংলাদেশ এর প্রথম আট জনের একটি দল উত্তর আমেরিকায় লাইভ ইন কনসার্ট প্রদর্শন করছে। গত ৩রা জুলাই, শনিবার, ২০০৬ লস এঞ্জেলেসে প্রথমবারের মত বেভারলি হিলসের হাই স্কুল অডিটোরিয়ামে হলিউড কনসার্ট আয়োজন করে। অত্যন্ত সফল অনুষ্ঠান দীর্ঘকাল অত্র এলাকায় হয়নি বলে কমিউনিটির মানুষ প্রশংসা করেছে। অনুষ্ঠান লস এঞ্জেলেস প্রবাসীর পক্ষে প্রমোট করেছেন হেলাল, আনিস, পাভেল, তারেক, তসলিম, স্বপন, এমদাদ ও সিদ্দিক। বিস্তারিত...৬ পাতায়

লস এঞ্জেলেসে অসাধু ট্যাক্সি ড্রাইভারদের খপ্পরে প্যাসেঞ্জারগণ

বিস্তারিত...৪ পাতায়

বাংলাদেশ এসোসিয়েশন অব ভ্যালীর বার্ষিক বনভোজন

বিস্তারিত...৪ পাতায়

লস এঞ্জেলেসে লোটাস ফেস্টিভ্যাল

বিস্তারিত...৪ পাতায়

আপনাদের ঘরের কাছেই
বাংলার নারীর সৌন্দর্যের প্রাঙ্গন

নতুন ডিজাইনের শাড়ীর জন্যে যোগাযোগ করুন
মিতু'স বুটিক
(৮১৮) ২০৯ ৭৮৩৭

লস এঞ্জেলেস কনস্যুলেটে নজরুল জয়ন্তী

বিস্তারিত...৪ পাতায়

লস এঞ্জেলেসে মারামারির ঘটনা সমুহ

(একুশ রিপোর্ট)

প্রবাসে বাংলাদেশীদের মধ্যে ব্যক্তিগত, দলগত, রাজনৈতিক কোন্দল, দলাদলি, রেষারেষি এখনও বহমান। প্রবাসে সুষ্ঠ ও কঠিন আইন শৃংখলা থাকা সত্ত্বেও এই সকল ব্যক্তিবর্গ কোন রকম দ্বিধা দ্বন্ধ ছাড়াই, নির্বিবাদে স্বজাতি ভাইদের উপর দৈহিকভাবে আঘাত হানছে, অকথ্যভাবে গালিগালাজ করছে, মৌখিক অপমান করছে। দেখলে মনে হবে না যে দেশে এদের বংশ পরিচয় গৌরবজনক। মানুষের ব্যবহার, আচার-আচরণ পারিবারিক পরিবেশ পরিস্হিতির উপর বর্তায়। যাদের মধ্যে এ ধরণের মাস্তানী, চোখ রাংগানী, একে অপরের উপর ঝাপিয়ে পড়ার প্রবণতা পরিলতি হয় তাদের সম্পর্কে প্রতক্ষ্য দর্শকের ধারণা জন্মাবে যে এরা নিশ্চয় ভদ্র ঘরের সন্তান নয়। যারা রাস্তাঘাটে, দোকানের সামনে রগ চটাচটি করে, তাদেরকে অভদ্র বলে। অভদ্র একটা সামাজিক ব্যধি। মাঝে মাঝে প্রবাসে কমিউনিটির মধ্যে দেখা যায় কিছু মানুষেরা (বিশেষ করে বয়স্ক) অযথা গায়ে পড়ে দৃষ্টি আকর্ষণ করতে চায়। ইদানিং লস এঞ্জেলেসে এমন ধরণের পরিস্হিতি হয়েছে। যারা অতীতে এ ধরণের আচরণ করেছে, অনেকেই আজও মন্দ রয়ে গেছেন। কারণ তাদের শ্রীঘরের অভিজ্ঞতা হয়নি। আবার অনেকেরই ....বিস্তারিত...৪ পাতায়

ইন্দোনেশিয়ার ধর্মীয় নেতা আবুবকর বশিরের মুক্তি লাভ

ইন্দোনেশিয়ার ধর্মীয় নেতা আবু বকর বশির বালি বোমা হামলার সংশ্লিষ্টতার দায়ে কারাদণ্ডের মেয়াদ শেষে গত বুধবার জাকার্তা জেল থেকে মুক্তি পেয়েছেন। জেল গেটে তাঁর শত শত অনুসারী আল্লাহু আকবর ধ্বনি দিয়ে স্বাগত জানায়।

তিনি কালো ভ্যানে স্থান ত্যাগ করার আগে জানান, ইসলামে শরিয়তি আইন সমুন্নত রাখার সংগ্রাম চালিয়ে যাবে। তবে সমীক্ষকরা বলছেন, জঙ্গিরা তাঁর মুক্তিকে জেমা ইসলামিয়া সংগঠনকে পুনরুজ্জীবিত করতে পারে। পাশ্চাত্যের দেশগুলি বশিরকে আল কায়দার সাথে সম্পর্কিত জেমা ইসলামিয়ার আধ্যাত্মিক প্রধান মনে করে।

বলা হয় বাঙ্গালীর তিন হাত। ডান হাত, বাম হাত এবং অজুহাত - বিস্তারিত...২ পাতায়

আমেরিকান আইডল ২০০৬ মুকুট ছিনিয়ে নিল হিকস

-একুশ রিপোর্ট

আমেরিকান আইডল ২০০৬ এর চুড়ান্ত নির্বাচনে ৬৩ মিলিয়ন মানুষের ভোটাভুটিতে টেইলর হিকস বিজয়ীর মুকুট ছিনিয়ে নেয়। সাদা চুলের অধিকারী সোল গায়ক এ্যালাবামা'র টেইলর হিকস আমেরিকার নতুন আইডল হিসাবে নির্বাচিত হল গত ২৫ মে, বুধবার,০৬। প্রতিদ্বন্দ্বিতায় ছিল ক্যাথরিন ম্যাকপি (সারমেন ওকস)। দু'ঘন্টা ব্যাপী অনুষ্ঠিত কোডাক থিয়েটারে (৩,৪০০ দর্শক) অনুষ্ঠিত আমেরিকান বিস্তারিত...৬ পাতায়